

﴿الْإِسْرَاءُ (بَنِي إِسْرَائِيلُ) | Al-Isra (Bani-Israel) | (الْإِسْرَاءُ (بَنِي إِسْرَائِيلُ)

আয়াতঃ ১৭ : ৪৯

আরবি মূল আয়াত:

﴿ ۴۹ ﴾ وَ قَالُوا إِذَا كُنَّا عِظَامًا وَ رُفَاتًا إِنَّا لَمَبْعُوثُونَ خَلَقَ جَدِيدًا

A. অনুবাদসমূহ:

আর তারা বলে, 'যখন আমরা হাড়ি ও ছিন্ন-ভিন্ন হয়ে যাব, তখন কি আমরা নতুন সৃষ্টিরূপে পুনরুজ্জীবিত হব'?
— আল-বায়ান

তারা বলে, 'কী! আমরা হাড়ি আর ধূলা-মাটিতে পরিণত হওয়ার পর কি এক নতুন সৃষ্টিরূপে উথিত হব?' —
তাইসিরতল

তারা বলেঃ আমরা অস্তিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টি রূপে পুনরুথিত হব? — মুজিবুর রহমান

And they say, "When we are bones and crumbled particles, will we [truly] be resurrected as a new creation?" — Sahih International

৪৯. আর তারা বলে, আমরা অস্তিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টিরূপে উথিত হব?(১)

(১) একই অর্থে অন্যান্য সূরায়ও আখেরাতে পুনরুত্থান সম্পর্কে কাফেরদের সন্দেহের কথা উল্লেখ করে তার জওয়াব দেয়া হয়েছে। [যেমন, এ সূরারই ৯৮ নং আয়াত এবং সূরা আন-নাফি'আয়াতঃ ১০-১২, ইয়াসীনঃ ৭৮-৭৯]

তাফসীরে জাকারিয়া

(৪৯) তারা বলে, 'আমরা অস্তিতে পরিণত ও চূর্ণ-বিচূর্ণ হলেও কি নতুন সৃষ্টিরূপে পুনরুথিত হব?'

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2078>

১. হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন